

## পায়রা বন্দর কর্তৃপক্ষ

কলাপাড়া, পটুয়াখালী

অস্থায়ী কার্যালয়

আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-৭)

৭৫-৭৬ কাকরাইল, ঢাকা-১০০০

www.ppa.gov.bd

স্মারক নং-১৮.২১.৭৮৬৬.০০১.০০.০৬৭.১৮/১৯৭

তারিখ : ০৩ মার্চ, ২০১৯ খ্রিঃ  
১৯ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

পায়রা বন্দর কর্তৃপক্ষ অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজনকৃত নিম্নলিখিত শূন্য পদ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহবান করছে :

ক্র. নং	পদের নাম ও জাতীয় বেতন স্কেল-২০১৫	পদের সংখ্যা	০১/০৯/১৭ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পাইলট টাঃ ৩৫৫০০ - ৬৭০১০/-	০১ (এক) টি	অনূর্ধ্ব ৩৫ বৎসর।	মাস্টার (এফজি) বা ১ম শ্রেণি (ডেক) কম্পিউটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা ৩য় শ্রেণি (ডেক) কম্পিউটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে ৮ (আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা।
০২	সিনিয়র হাইড্রোগ্রাফার (ফিল্ড) টাঃ ৩৫৫০০ - ৬৭০১০/-	০১ (এক) টি	অনূর্ধ্ব ৩৫ বৎসর।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত/ফলিত গণিত/ভূগোল/পদার্থ বিজ্ঞান/ রসায়ন/ফলিত পদার্থ বিজ্ঞানে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং (খ) হাইড্রোগ্রাফী সংক্রান্ত বিষয়ে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
০৩	সিনিয়র সহকারী প্রধান (প্রোগ্রামিং এন্ড এপ্রাইজাল) টাঃ ৩৫৫০০ - ৬৭০১০/-	০১ (এক) টি	অনূর্ধ্ব ৩৫ বৎসর।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি/পরিসংখ্যানে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি ; অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি ; (খ) কোন সরকারি/আধা সরকারি/স্বায়তশাসিত/বেসরকারি সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যান্য ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং (গ) অর্থনৈতিক বিশ্লেষণ ও পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।
০৪	উপ-পরিচালক (বাজেট) টাঃ ৩৫৫০০ - ৬৭০১০/-	০১ (এক) টি	অনূর্ধ্ব ৩৫ বৎসর।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান/ফিন্যান্স/মার্কেটিং/ব্যবস্থাপনা/অর্থনীতিতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং অন্যান্য ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা একাউন্টিং/ফিন্যান্স এ মেজরসহ এমবিএ (মাস্টার্স ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন) বা সমমানের ডিগ্রি: তবে চার্টার্ড একাউন্টেন্ট (সিএ) বা কন্স্ট ম্যানেজম্যান্ট একাউন্টেন্ট (সিএমএ) সার্টিফিকেটধারী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে; এবং (খ) কোন সরকারি/আধা সরকারি/স্বায়তশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
০৫	উপ-পরিচালক (অডিট) টাঃ ৩৫৫০০ - ৬৭০১০/-	০১ (এক) টি	অনূর্ধ্ব ৩৫ বৎসর।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে- (অ) হিসাব বিজ্ঞান/ ফিন্যান্স/মার্কেটিং/ ব্যবস্থাপনা /অর্থনীতিতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (আ) ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং অন্যান্য ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (ই) একাউন্টিং/ফিন্যান্স এ মেজরসহ এমবিএ (মাস্টার্স ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন) বা সমমানের ডিগ্রি: তবে চার্টার্ড একাউন্টেন্ট (সিএ) বা কন্স্ট ম্যানেজম্যান্ট একাউন্টেন্ট (সিএমএ) সার্টিফিকেটধারী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে; এবং (খ) কোন সরকারি/আধা সরকারি/স্বায়তশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

## নিয়োগের শর্তাবলি :-

- প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে।
- ১ থেকে ৫ নং ক্রমিকের পদসমূহের আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইনে আবেদন করার পরবর্তী ০৭(সাত) কর্মদিবসে মধ্যে আবেদনের প্রিন্ট/হার্ড কপি সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ/ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, জাতীয়তা/নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে), প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে পরিচালক (প্রশাসন), পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-৭), ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা-১০০০ বরাবরে প্রেরণ করতে হবে। আবেদন করার ৭(সাত) কর্মদিবসের পরে প্রেরিত আবেদন বাতিল বলে গণ্য হবে। অবশ্যই খামের উপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে সকল প্রকার কোটা অনুসরণ করা হবে।
- নিয়োগের ক্ষেত্রে “পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৭” এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।
- বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- লিখিত/মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত একসেট সনদপত্রাদি দাখিল করতে হবে।
- পায়রা বন্দর কর্তৃপক্ষের স্থায়ী কার্যালয় পটুয়াখালী জেলার কলাপাড়ায় অবস্থিত, আবেদনকারী নিয়োগ লাভের পর কর্তৃপক্ষের প্রয়োজনে বাংলাদেশের যে কোন স্থানে চাকুরি করতে বাধ্য থাকবেন।
- লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

